

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
১, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং-০৪.০১.০৪০০.৬৫৩.০২.০২২.১৭.

তারিখ : ৪

বিষয় : বিভাগীয় ব্যবস্থা গ্রহণ।

- সূত্র : (১) দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নং-১৬৬৮২ তারিখ-২১/০৫/২০১৮ খ্রিঃ।  
(২) দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশালের স্মারক নং-৩৩৩ তারিখ-১৬/০৪/২০১৮ খ্রিঃ।  
(৩) দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, পটুয়াখালীর স্মারক নং-৪২৯ তারিখ-৯/০৪/২০১৮ খ্রিঃ ও নং-৬৯২ তারিখ-২৩/০৫/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আঃ মান্নান কবির, সাবেক ভারপ্রাপ্ত উপজেলা পোস্ট মাস্টার, পাথরঘাটা, বরগুনা, পিতা-মৃত-রফেজ উদ্দিন হাওলাদার, সাং-পোঃ- ডালভাঙ্গা, থানা-জেলা- বরগুনা, পাথরঘাটা সাবপোস্ট অফিসে ২৮/০৬/২০০২ থেকে ১৫/০৫/২০০৫ তারিখ পর্যন্ত কর্মকালীন বিভিন্ন গ্রাহকের নিকট হতে বিভিন্ন তারিখে গৃহীত মানি অর্ডারের টাকা জমা না দিয়ে অফিসের অবলং সিল ব্যবহার করে ভুয়া মানি অর্ডার প্রেরণ দেখিয়ে সর্বমোট ১,৩৪,৫৩০/- টাকা আত্মসাত করেন। তদন্তে উক্ত অর্থ আত্মসাতের বিষয়টি উৎখাটিত হওয়ায় আসামি জনাব মোঃ আঃ মান্নান কবির কর্তৃক আত্মসাতকৃত সমুদয় টাকা পরিশোধ করায় মামলাটিতে চার্জশীট দাখিল না করে তার বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্য কাজে অবহেলার কারণে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানোর বিষয়ে কমিশন কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বর্ণিত কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে খসড়া অভিযোগ নামা ও খসড়া অভিযোগ বিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্ত : খসড়া অভিযোগনামা ও অভিযোগ বিবরণী  
০২ (দুই.) পাতা :

স্বাক্ষর/  
(মোহাম্মাদ মুনীর চৌধুরী)

সচিব(অতিঃ দায়িত্ব)

ফোন : ৮৩১৩৮৮৪

ইমেইল : mmunirc @ gmail.com

সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-০৪.০১.০৪০০.৬৫৩.০২.০২২.১৭. ২৫৬৬১/১ (৭)

তারিখ : ১২/৫/১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো : -

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা-১০০০।
- ৩। পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা। বক্ষমান পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হল।
- ৬। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, পটুয়াখালী।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিয়ন্ত্রণ কক্ষ (কক্ষ নং- ২০৩), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাক্ষর/  
(মোঃ খায়রুল হুদা)

উপপরিচালক (অনুঃ ও তদন্ত-২)/বরিশাল

ফোন-৯৩৫৬৬৪৫।